

## শিক্ষামন্ত্রী ও সচিবের কাছে অভিযোগ, স্মারকলিপি শিক্ষা ক্যাডারে পদোন্নতিতে অনিয়ম

■ ইতিহাস রিপোর্ট

বিসিএস সাধারণ শিক্ষা সন্থিতির দুই নেতাকে অন্যান্যের তুলনায় পদোন্নতি দেয়ার প্রক্রিয়া ত্বরান্বিত করা হয়েছে—শিক্ষামন্ত্রী নুরুল ইসলামের কাছে এমন অভিযোগ করেছেন বিসিএস শিক্ষা ক্যাডারদের ১০টি ফোরামের নেতারা। মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এক বৈঠকে শিক্ষক নেতারা অভিযোগ করে বলেন, শিক্ষা ক্যাডারের এই অনিয়ম ও অব্যবস্থাপনা কোনভাবেই মেনে নেয়া হবে না। তারা বলেন, শিক্ষা ক্যাডারে এমন অনিয়ম ও অব্যবস্থাপনার দায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককেই নিতে হবে। বৈঠকে ১৪তম সাধারণ শিক্ষা ফোরামের সদস্য সচিব ইয়াকুব হাসান, ১৬তম বিসিএস সাধারণ শিক্ষা ফোরামের সদস্য আব্দুল বেগম, ১৬তম ফোরামের সভাপতি মমতুজ রহমান বাউ, সদস্য সচিব আবুল কাশার, ২৪তম ফোরামের সভাপতি বিজয় কুমার ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন। এছাড়া ১৮তম, ২২তম, ২৫তম, ২৭তম, ২৮তম ও ২৯তম সাধারণ শিক্ষা ফোরামের পীর্থ নেতারা উপস্থিত ছিলেন।

শিক্ষামন্ত্রীর কাছে ফোরামের নেতারা অভিযোগ করেন, প্রণামনিক ও সংরক্ষিত প্রায় ৮০টি পদ ৪/৫টি বিষয়ের মধ্যে বন্টন করা হয়েছে, অর্থাৎ মোট বিষয়ের সংখ্যা প্রায় ২৭টি। একটি বিষয়েই (রসায়ন) নেয়া হয়েছে সর্বোচ্চ ২৪টি পদ যা কোনভাবেই ক্যাচ নয়। এক্ষেত্রে পদোন্নতির সুযোগ কম থাকে বিষয়গুলোকে বিবেচনা করা হয়নি যা অর্জিতে সকল সময় করা হয়েছে। তারা বলেন, পদতরী অধ্যাপক হতে সহযোগী অধ্যাপক পর্যায়ের একজন বিশেষ কর্তব্যক্ষেত্রে পদোন্নতি দেয়ার জন্যই এ কৌশল অবলম্বন করা হয়েছে। এই কর্তব্যক্ষেত্রে বিসিএস সাধারণ শিক্ষা সন্থিতির নেতা।

শিক্ষকরা অভিযোগ করেন, পদ পূরা না থাকার পরও হিসাববিজ্ঞান বিষয়ের একজন কর্তব্যক্ষেত্রে পদোন্নতি দেয়ার ক্ষেত্রে প্রচলিত কোন আইন-কানুন, বিধি-বিধান বা রীতিনীতি অনুসরণ করা হয়নি। এই কর্তব্যক্ষেত্রে বিসিএস সাধারণ শিক্ষা সন্থিতির নেতা। শিক্ষকরা বলেন, আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং এ ধরনের পদোন্নতি পরিহারের আহ্বান জানাই। না হলে এ ধরনের পদোন্নতি শিক্ষা ক্যাডারে চরম বিশৃঙ্খলা সৃষ্টি করবে।

শিক্ষকরা বলেন, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে পদোন্নতি নিয়ে এখন একটি রটনা পরিষ্কৃতি সৃষ্টি হয়েছে, যখন ১৪৭ বিসিএস কর্তব্যক্ষেত্রে অধীনে ৭২ বিসিএস কর্তব্যক্ষেত্রে চাকরি করতে হবে এমন একটি পরিষ্কৃতি সৃষ্টি হয়েছে। ১৬৭ বিসিএস এমনকি ১৪৭ বিসিএস কর্তব্যক্ষেত্রে এমিয়ার ২২৭ বিসিএস কর্তব্যক্ষেত্রে শিক্ষকরা এখন একটি পরিষ্কৃতি সৃষ্টি হয়েছে এবং এর অধিক বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে সুপার নিউমারারী পদ সৃষ্টির মাধ্যমে ব্যাচভিত্তিক পদোন্নতির নবি তীব্র হয়েছে। বৈঠকে শেষে বিভিন্ন দাবি সংবলিত একটি স্মারকলিপি শিক্ষামন্ত্রীর কাছে প্রদান করেন। বৈঠকে শিক্ষামন্ত্রী বলেন, সর্বোচ্চ ০৩০০ দিয়ে দাবি পূরণের চেষ্টা করবো। পরে ফোরামের নেতারা শিক্ষা সচিবের অফিসে গিয়ে একই দাবি সংবলিত স্মারকলিপি প্রদান করেন।